যুগান্তর

JUN 22 2002

তারিখ ... পৃঃ ৩ ... কলাম ... ৩ ...

# বোয়ালী কলেজ ১৪ দিনেও দখলমুক্ত না হওয়ায় ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ অনিশ্চিত

শাকিল আনোয়ার, *সখীপুর থেকে*

জিয়া-খালেদা কলেজের নামে স্থানীয় বিএনপি নেতা বাদশাহ মিয়ার দখলকৃত বোয়ালী কলেজটি গত ১৪ দিনেও দখলমুক্ত না হওয়ায় কলেজের কয়েকশ' ছাত্রছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। অন্যদিকে কলেজের ৩৩ জন শিক্ষক-কর্মচারী চরম হতাশার মধ্যে রয়েছেন। উদ্ভূত পরিস্থিতিতে কলেজের ভবিষ্যৎ নিয়েও প্রশ্ন দেখা দিয়েছে। জানা গেছে, বাদশাহ মিয়া জিয়া-খালেদার নামে গত ৮ জুন বোয়ালী কলেজটি দখল করে নেয় এবং অধ্যক্ষের রুমসহ বিভিন্ন রুম তালাবদ্ধ করে দেয়। এদিকে জিয়া-খালেদা মহাবিদ্যালয়ে শিক্ষক-কর্মচারী নিয়োগের বিরুদ্ধে বোয়ালী কলেজের অধ্যক্ষ সাঈদ আজাদ আদালতে মামলা করলে আদালত নিয়োগের ওপর অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করেন। 'জিয়া-খালেদা' নামটি স্পর্শকাতর হওয়ায় প্রশাসনের পক্ষ থেকেও আইনগত কোন ব্যবস্থা নিতে ইতিপূর্বে সাহস হয়নি। তবে ১৮ জুন উপজেলা পরিষদের সভায় উদ্ভূত পরিস্থিতি নিয়ে ব্যাপক আলোচনার পর স্থানীয় এমপি কাদের সিদ্দিকীর নির্দেশে বাদশাহ মিয়াকে প্রধান আসামি করে থানা মামলা নেয়। পুলিশ এখনও বাদশাহকে গ্রেফতার করতে পারেনি। জানা গেছে, আগামী ৩০ জুনের মধ্যে প্রথম বর্ষের পরীক্ষা হওয়ার কথা থাকলেও বোয়ালী কলেজের ছাত্রছাত্রীদের এ পরীক্ষায় অংশ নেয়া অনিশ্চয়তার মধ্যে পড়েছে।